# এসএসসি পরীক্ষা ২০২০ এর মডেল প্রশ্ন (সকল বোর্ডের জন্য)

**বাংলা দ্বিতীয় পত্র: রচনামূলক প্রশ্ন** বিষয় কোড : | ১ | ০ | ২ |

সময় — ২ ঘণ্টা ৩০ মিনিট পূর্ণমান — ৭০

[**দ্রষ্টব্য:** ডান পাশে উল্লিখিত সংখ্যা প্রশ্নের পূর্ণমান জ্ঞাপক। উত্তর প্রাসঙ্গিক হওয়া বাঞ্ছনীয়। একই প্রশ্নের উত্তরে সাধু ও চলিত ভাষারীতির মিশ্রণ দূষণীয়।]

১. **যেকোনো একটি বিষয়ে অনুচ্ছেদ লেখো:** ১০

(ক) পহেলা বৈশাখ

(খ) যানজট

২. **যেকোনো একটি বিষয়ে পত্র লেখো:** ১০

(ক) মনে করো, তোমার নাম নবীন। তুমি গাজীপুর জেলায় বসবাস করো। বৃক্ষরোপণ সপ্তাহ পালনের প্রয়োজনীয়তা উল্লেখ করে তোমার বন্ধু সজীবকে একখানা পত্র লেখ।

অথবা, (খ) সাম্প্রতিক বন্যায় ক্ষতিগ্রস্ত জনগণের সাহায্যের জন্য কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি পত্র লেখ।

৩. **সারাংশ লেখো:** ১০

(ক) অতীতকে ভুলে যাও। অতীতের দুশ্চিন্তার ভার অতীতকেই নিতে হবে। অতীতের কথা ভেবে ভেবে অনেক বোকাই মরেছে। আগামীকালের বোঝা, অতীতের বোঝার সঙ্গে মিলে আজকের বোঝা সবচেয়ে বড় হয়ে দাঁড়ায়। ভবিষ্যৎকেও অতীতের মতো দৃঢ়ভাবে দূরে সরিয়ে দাও। আজই তো ভবিষ্যৎ– কাল বলে কিছু নেই। মানুষের মুক্তির দিন তো আজই। ভবিষ্যতের কথা যে ভাবতে বসে সে ভোগে শক্তিহীনতায়, মানসিক দুশ্চিন্তায় ও স্নায়ুবিক দুর্বলতায়। অতএব, অতীতের এবং ভবিষ্যতের দরজায় আগল লাগাও, আর শুরু করো দৈনিক জীবন নিয়ে বাঁচতে।

Teachingbd24.com

https://teachingbd24.com

অথবা, **সারমর্ম লেখো:**

(খ) নিন্দুকেরে বাসি আমি সবার চেয়ে ভালো,
যুগ জনমের বন্ধু আমার আঁধার ঘরের আলো।
সবাই মোরে ছাড়তে পারে বন্ধু যারা আছে,
নিন্দুক সে ছায়ার মতো পবিত্রতা আনে,
সাধকজনে বিস্তারিতে তার মতো কে জানে?
বিনামূল্যে ময়লা ধুয়ে করে পরিষ্কার,
বিশ্ব মাঝে এমন দয়াল মিলবে কোথা আর?
নিন্দুক, সে বেঁচে থাকুক বিশ্বহিতের তরে,
আমার আশা পূর্ণ হবে তাহার কৃপা ভরে।

**৪. যেকোনো একটির ভাব-সম্প্রসারণ করো:** **১০**

(ক) আত্মশক্তি অর্জনই শিক্ষার উদ্দেশ্য

(খ) বন্যেরা বনে সুন্দর শিশুরা মাতৃক্রোড়ে।

**৫. যেকোনো একটি বিষয়ে প্রতিবেদন রচনা করো:** **১০**

(ক) মনে করো, তুমি নাহিদ। তুমি বরিশাল স্কুলের দশম শ্রেণির ছাত্র। তোমার বিদ্যালয়ে 'আন্তর্জাতিক মাতৃভাষা দিবস' উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানের বিবরণ দিয়ে প্রধান শিক্ষক বরাবর একটি প্রতিবেদন প্রণয়ন করো।

(খ) মনে করো তোমার নাম তামিম। তুমি দৈনিক 'প্রথম আলো' পত্রিকার স্টাফ রিপোর্টার। মাদককে না বলুন শিরোনামে একটি সংবাদ প্রতিবেদন প্রণয়ন করো।

**৬. যেকোনো একটি বিষয়ে প্রবন্ধ রচনা করো:** **২০**

(ক) বাংলাদেশের প্রাকৃতিক দুর্যোগ

(খ) কর্মমুখী শিক্ষা

(গ) মাদকাসক্ত ও তার প্রতিকার

Teachingbd24.com

https://teachingbd24.com

# বাংলা (আবশ্যিক) দ্বিতীয় পত্র

## বহুনির্বাচনি অভীক্ষা

বিষয় কোড: ১ ০ ২

সময় — ৩০ মিনিট পূর্ণমান — ৩০

[**বিশেষ দ্রষ্টব্য:** সরবরাহকৃত নৈর্ব্যক্তিক অভীক্ষার উত্তরপত্রে প্রশ্নের ক্রমিক নম্বরের বিপরীতে প্রদত্ত বর্ণসম্বলিত বৃত্তসমূহ হতে সঠিক/সর্বোৎকৃষ্ট উত্তরের বৃত্তটি বল পয়েন্ট কলম দ্বারা সম্পূর্ণ ভরাট করো। প্রতিটি প্রশ্নের মান ১।]

**১. বাক্যে ক্ষুদ্রতম একক কী?**
ক শব্দ খ বর্ণ
গ ধ্বনি ঘ চিহ্ন

**২. ধ্বনি নির্দেশক চিহ্নকে কী বলে?**
ক অক্ষর খ বর্ণ
গ বর্ণমালা ঘ চিহ্ন

**৩. 'মালী' শব্দের স্ত্রী লিঙ্গ কোনটি?**
ক মালা খ মালিকা
গ মালীনী ঘ মালিনী

**৪. 'তিনি গতকাল হাটে যাননি' -ক্রিয়াটি কোন কালের?**
ক সাধারণ বর্তমান
খ পুরাঘটিত বর্তমান
গ সাধারণ অতীত
ঘ পুরাঘটিত অতীত

**৫. পশু+অদম এর সঠিক সন্ধি কোনটি?**
ক পঞ্চাধম খ পশ্বধম
গ পশুধম ঘ পশ্বধর্ম

**৬. আক্ষেপ প্রকাশে অতীতের স্থলে কোন কাল হয়?**
ক বর্তমান কাল
খ ভবিষ্যৎকাল
গ নিত্যবৃত্ত অতীত কাল
ঘ পুরাঘটিত বর্তমান কাল

**৭. দুমড়া, মুচড়া কোন আদিগণ এর অন্তর্ভুক্ত?**
ক ছোবলা খ উলটা
গ ঘুরা ঘ উঠ্

**৮. আত্মবাচক সর্বনাম পদ কোনটি?**
ক খোদ খ আমরা
গ এরা ঘ তারা

**৯. 'চক্ষুদান করা' -এ বাগধারাটির অর্থ কী?**
ক পক্ষপাতিত্ব
খ সৌভাগ্য লাভ
গ চুরি করা
ঘ নষ্ট করা

**১০. কোন শব্দটিতে স্বভাবতই 'ণ' হয়েছে?**
ক কল্যাণ খ ঋণ
গ কারণ ঘ হরিণ

**১১. নিচের কোনটি যোগরূঢ় শব্দ?**
ক প্রবীণ খ গায়ক
গ তৈল ঘ জলধি

**১২. 'ব্রাহ্মণ' শব্দের যুক্তাক্ষরটি কোন কোন বর্ণের সমন্বয়ে গঠিত?**
ক হ্+ম খ হ্+ন
গ ক্+ষ ঘ ক্+ম

**১৩. অরুণ রাঙা কোন কর্মধারায় সমাসের সমস্ত পদ?**
ক মর্ধপদলোপী খ উপমান
গ উপমিত ঘ রূপক

**১৪. 'আর্বিভাব' শব্দের বিপরীত শব্দ কোনটি?**
ক পরাভব খ তিরোভাব
গ নিরত ঘ আগমন

**১৫. সকলের জন্য প্রযোজ্য -এক কথায় কী বলে?**
ক সর্বজনিন খ সার্বজনিন
গ সার্বজনীন ঘ সর্বজনীন

Teachingbd24.com

১৬. কোনভাবেই যা নিরাবণ করা যায় না -এর বাক্য সংক্ষেপন কোনটি?

ক অদম্য　খ দুর্দমনীয়
গ অনিবার্য　ঘ দুর্নিবার

১৭. 'পরভৃত' এর সমার্থক শব্দ কোনটি?

ক পিক　খ ধেনু
গ বিভব　ঘ অম্বু

১৮. 'শ্রবণ' এর প্রকৃতি ও প্রত্যয় কোনটি?

ক শ্রবণ + অনট　খ শ্রু+অনট
গ শ্রী+অন　ঘ শ্রব+অন

১৯. নিমরাজি শব্দটিতে ব্যবহৃত 'নিম' কোন উপসর্গ

ক আরবি　খ বাংলা
গ তৎসম　ঘ ফারসি

২০. উড়নচণ্ডী বাগধারাটির অর্থ কী?

ক দুর্লভ বস্তু
খ প্রচুর ব্যবধান
গ অমিতব্যয়ী
ঘ ভীষণ বিপদ

২১. ব্যাপ্তি অর্থে সম্বন্ধ পদ কোনটি?

ক রাজার রাজ্য　খ দেশের লোক
গ বাটির দুধ　ঘ রোজার ছুটি

২২. খিলিপান দিয়ে ওষুধ খাবে। খিলিপান দিয়ে কোন কারকে কোন বিভক্তি?

ক অধিকরণে তৃতীয় বিভক্তি
খ অধিকরণে ৫মী বিভক্তি
গ অপাদানে শূন্য বিভক্তি
ঘ অপাদানে তৃতীয় বিভক্তি

২৩. কমা অপেক্ষা বেশি বিরতির প্রয়োজন হলে কোন চিহ্ন বসে?

ক কোলন　খ দাঁড়ি
গ সেমিকোলন　ঘ হাইফেন

২৪. 'কমল' শব্দটির শেষে কোন বহুবচন বোধক শব্দ বসবে?

ক নিকর　খ নিয়ে
গ দাম　ঘ রাশি

২৫. ক্রিয়ার ভাব কয় প্রকার?

ক পাঁচ　খ চার
গ তিন　ঘ দুই

২৬. কর্তৃবাচ্যের ক্রিয়া কী হলে কর্মবাচ্য হয় না?

ক সমাপিকা　খ অসমাপিকা
গ সকর্মক　ঘ অকর্মক

২৭. 'দায়িত্ব গ্রহণ' অর্থে কোনটি প্রযোজ্য?

ক মাথা ধরা　খ মাথাব্যথা
গ মাথা দেওয়া　ঘ মাথা ঘামান

২৮. 'মেঘ গর্জন করলে ময়ূর নৃত্য করে' -এটি কোন বাক্যের উদাহরণ?

ক সরল বাক্য　খ যৌগিক বাক্য
গ জটিল বাক্য　ঘ মিশ্র বাক্য

২৯. সাইরেন বেজে উঠল -এখানে কী বুঝাতে যৌগিক ক্রিয়ার ব্যবহার হয়েছে?

ক আকস্মিকতা　খ ব্যাপ্তি
গ সমাপ্তি　ঘ ক্রমশ

৩০. শিক্ষক ছাত্রদেরকে পড়াচ্ছেন -বাক্যটি কোন ক্রিয়ার উদাহরণ?

ক ধ্বন্যাত্মক ক্রিয়া
খ যৌগিক ক্রিয়া
গ প্রযোজক ক্রিয়া
ঘ সমধাতুজ ক্রিয়া

| উত্তর | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | ১ | ক | ২ | খ | ৩ | খ | ৪ | ক | ৫ | খ | ৬ | খ | ৭ | খ | ৮ | ক | ৯ | গ | ১০ | ক | ১১ | ঘ | ১২ | ক | ১৩ | ঘ | ১৪ | ঘ | ১৫ | ঘ |
| | ১৬ | গ | ১৭ | ক | ১৮ | খ | ১৯ | ঘ | ২০ | গ | ২১ | ঘ | ২২ | ক | ২৩ | গ | ২৪ | ক | ২৫ | খ | ২৬ | ঘ | ২৭ | গ | ২৮ | ক | ২৯ | ক | ৩০ | গ |

Teachingbd24.com